# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাত ও জাহান্নামীদের মাঝে কথোপকথন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাত ও জাহান্নামীদের মাঝে কথোপকথন

বেহেস্তীগণ দোযখীদেরকে সম্বোধন করে বলবে,

قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدتُّم مَّا وَعَدَ رَبُّكُمْ حَقًّا

‘আমাদের প্রতিপালক আমাদের ঈমান ও সৎকার্যের উপর যে প্রতিশ্রুতি দিয়েছিলেন আমরা তা সত্য পেয়েছি (জান্নাত পেয়েছি) তোমাদের প্রতিপালক তোমাদের (কুফরী ও অধর্মের উপর) যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা সত্য পেয়েছ কি? ওরা বলবে, হ্যাঁ।

অতঃপর জনৈক ঘোষণাকারী তাদের নিকট ঘোষণা করবে, পাপিষ্ঠদের উপর আল্লাহর অভিসম্পাত। যারা আল্লাহর পথে বাধা সৃষ্টি করেছিল এবং তাতে বক্রতা (ও দোষ-ত্রুটি) অন্বেষণ করেছিল এবং তারাই ছিল পরকালে অবিশ্বাসী। (আল-কুরআন ৭/৪৪-৪৫)

কতুক জান্নাতবাসী কতক জাহান্নাম (সাক্বার)বাসীকে জিজ্ঞাসা করবে,

مَا سَلَكَكُمْ فِي سَقَرَ (42) قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ (43) وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِينَ (44) وَكُنَّا نَخُوضُ مَعَ الْخَائِضِينَ (45) وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّينِ (46) حَتَّى أَتَانَا الْيَقِينُ (47)

‘তোমাদেরকে কিসে সাক্বারে নিক্ষেপ করেছে? ওরা উত্তরে বলবে, ‘আমরা নামায পড়তাম না, অভাবগ্রস্তকে আহার্য দান করতাম না, যারা অন্যায় আলোচনা করত আমরা তাদের আলোচনায় যোগ দিতাম এবং আমরা (এই) কর্মফল দিবসকে অস্বীকার করেছি। (আল-কুরআন ৭৪/ ৪২-৪৭)

জাহান্নামবাসীরা জান্নাতবাসীদেরকে সম্বোধন করে বলবে, আমাদের উপর কিছু পানি ঢেলে দাও, অথবা আল্লাহ জীবিকারূপে তোমাদেরকে যা দান করেছেন, তা হতে আমাদেরকে কিছু দাও। জান্নাতীরা উত্তরে বলবে,

إِنَّ اللَّهَ حَرَّمَهُمَا عَلَى الْكَافِرِينَ

‘আল্লাহ এ দু’টিকে অবিশ্বাসীদের (কাফেরদের) জন্য হারাম (নিষিদ্ধ) করেছেন। যারা তাদের ধর্মকে ক্রীড়া-কৌতুকরূপে গ্রহণ করেছিল এবং পার্থিব জীবন যাদেরকে প্রতারিত করেছিল। (আল-কুরআন ৭/৫০-৫১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12204

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন